

ক্যান্টনমেন্ট বোর্ড
ঢাকা ক্যান্টনমেন্ট।
=====

১৯৯২ ইং সনের ১৯শে মে বেলা ১২-০০ ঘটিকায় অনুষ্ঠিত ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড সভার কার্য বিবরণী।
=====

প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সদস্যবর্গের উপস্থিতি ছিল নিম্নরূপ :-

১। কর্নেল মনিরুজ্জামান খান, পিএসসি, স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।	-	প্রেসিডেন্ট	-	উপস্থিত।
২। অধিনায়ক, এস, এইচ, ও এস, ই, এম, ও'র প্রতিনিধি, সি, এম, এইচ, ঢাকা সেনানিবাস।	-	সদস্য	-	উপস্থিত।
৩। উইং কমান্ডার এইচ এম শিবলী ফারুক, পিএসসি, অধিনায়ক, প্রশাসনিক শাখা, বি এ এফ বেস বাগার, ঢাকা সেনানিবাস।	-	সদস্য	-	উপস্থিত।
। লেঃ এস এম এফে আজাদ, বি, এন, এস, হাজী মহসিন, ঢাকা সেনানিবাস।	-	সদস্য	-	উপস্থিত।
। সি, এম, ই, এস(আর্থি), ঢাকা সেনানিবাস।	-	সদস্য	-	উপস্থিত।
। জনাব রিজওয়ান খায়ের, (জেলা প্রশাসক, ঢাকা কর্তৃক মনোনীত প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট)।	-	সদস্য	-	উপস্থিত।
। লেঃ কর্নেল(অবঃ) এস, এ, ডব্লিউ, এম, মাজিম হোসেন, ডি ও এইচ এস, বনানীর প্রতিনিধি।	-	সদস্য	-	অনুপস্থিত।
। ক্লাঃলেঃ(অবঃ) এ বি এম এ রশিদ, ডি ও এইচ এস, বনানীর প্রতিনিধি।	-	সদস্য	-	উপস্থিত।
। কর্নেল(অবঃ) বজলন গনি পাটওয়ারী, বিপি, পিএসসি, ডি ও এইচ এস, মহাখালীর প্রতিনিধি।	-	সদস্য	-	অনুপস্থিত।
৩। কমান্ডার (অবঃ) টি, আই, এম, নরুন নবী, ডি ও এইচ এস, মহাখালীর প্রতিনিধি।	-	সদস্য	-	উপস্থিত।
৩। জনাব মোঃ আবদুল করিম, ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট।	-	সেক্রেটারী	-	উপস্থিত।

উপস্থিত সম্মানিত সদস্যবর্গকে সুাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। বিস্তারিত
লাচনাবনে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :-

বি নং-১ঃ বিগত সভার কার্য বিবরণী অনুমোদন করণঃ

গত ১৮-৪-৯২ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড মিটিংয়ের কার্য বিবরণী অনুমোদন করা এবং
গৃহীত সিদ্ধান্ত কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া।

গত ১৮-৪-৯২ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড মিটিংয়ের গৃহীত সিদ্ধান্ত সমূহ সম্পর্কে অবহিত
হয়ে উক্ত সভার কার্য বিবরণী অনুমোদন করা গেল। পরবর্তীতে মাসিক হিসাব বিবরণী ও
এস, ই, এম, ও'র হেলথ রিপোর্ট বোর্ড মিটিংয়ে উপস্থাপন করিতে হইবে বলিয়া সিদ্ধান্ত গৃহীত
হইল।

প্রসূাব নং-২ঃ

বোর্ডের সম্মানিত সদস্যের মৃত্যুর কারণে মাগফেরাত কামনাঃ

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মানিত সদস্য জনাব সৈয়দ আজহারুল হক গত ১৪-৫-১২ ইং তারিখ অপরাহ্নে পরলোকগমন করায় (ইন্সাল্লাহে - - - রাজেউন) তাঁহার বিদেহী আত্মার মাগফেরাত কামনার জন্য শোক প্রসূাব গ্রহন।

গ্রহীত সিদ্ধান্তঃ

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মানিত সদস্য জনাব সৈয়দ আজহারুল হক গত ১৪-৫-১২ ইং তারিখে পরলোকগমন করায় (ইন্সাল্লাহে - - - রাজেউন) তাঁহার প্রতি শেষ সম্মান প্রদর্শনের জন্য দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করতঃ বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয়।

প্রসূাব নং-৩ঃ

১৯৮৯-৯০ সালের অডিট আপত্তির ব্রডশীট জবাবঃ

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৮৯-৯০ সালের অডিট আপত্তির ব্রডশীট জবাব (বি এস আর) অবহিত হইয়া অনুমোদন করা।

গ্রহীত সিদ্ধান্তঃ

উক্ত সনের অডিট আপত্তির ব্রডশীট জবাবটি পরবর্তী বোর্ড মিটিংয়ে উপস্থাপনের সিদ্ধান্ত গ্রহীত হইল।

প্রসূাব নং-৪ঃ

অন্য ফান্ড হইতে জেনারেল ফান্ডে ঋণ গ্রহণের অনুমোদনঃ

বোর্ডের প্রভিডেন্ট ফান্ড হইতে ১৬,০০,০০০.০০ টাকা এবং সিকিউরিটি একাউন্ট হইতে ১,৩০,০০০.০০ টাকা জেনারেল ফান্ডে ঋণ গ্রহণের বিষয়টি অনুমোদন করা। উল্লেখ্য যে, জেনারেল ফান্ডে অর্থের অপ্রতুলতাহেতু কর্মকর্তা/কর্মচারীদের বেতন প্রদান ও অন্যান্য আবশ্যকীয় ব্যয় নির্বাহের জন্য উক্ত ঋণ গ্রহণ করা হয়।

গ্রহীত সিদ্ধান্তঃ

উপরোক্ত প্রসূাব অনুমোদন করা হইল। ফান্ডের জন্য সাময়িক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে লেখা হউক এবং ফান্ড প্রাপ্তির পর উক্ত ঋণের অর্থ সু সু ফান্ডে ফেরৎ প্রদানের সিদ্ধান্ত গ্রহীত হইল।

প্রসূাব নং-৫ঃ

রাওয়াল্লাবের পার্শ্ব পুলিশ বক্স নির্মাণঃ

মহাখালী ডি ও এইচ এস এলাকায় রাওয়াল্লাবের পার্শ্ব পুলিশ বক্স নির্মাণের সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ।

গ্রহীত সিদ্ধান্তঃ

পুলিশ বক্স নির্মাণের প্রসূাবটি বাতিল করা হইল। উহা সংশ্লিষ্ট ঠিকাদারকে অবহিত করা হউক।

প্রসূাব নং-৬ঃ

ডি ও এইচ এস, মহাখালীর মসজিদের প্রবেশ পথ কার্গেটিং এর দরপত্র বিবেচনা করণঃ

মহাখালী ডি ও এইচ এস এলাকায় মসজিদের প্রবেশ পথ কার্গেটিং করণের সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ।

গ্রহীত সিদ্ধান্তঃ

উপরোক্ত কাজের সর্বনিম্ন দরদাতা মেসার্স মেট্রোপলিটান বিল্ডার্স কর্তৃক প্রদত্ত ৭% (বিদ্যে) দরটি অনুমোদন করা হলো।

প্রসূাব নং-৭ঃ

সড়ক নং-৯ এর উত্তর পার্শ্ব পাকা ডেন নির্মাণের মূল্যানুমান অনুমোদনঃ

ক্যান্টনমেন্ট বাজার এলাকার রোড নং-৯ এর উত্তর পার্শ্ব (বাড়ী নং-৫০ হইতে পশ্চিম) পাকা ডেন নির্মাণের জন্য ৭৩,৭০২/৭৫ টাকার মূল্যানুমান (এম ই ক্র সিডিউল অব রেইটস্ ১৯৯০ অনুযায়ী) অনুমোদন করণ।

গ্রহীত সিদ্ধান্তঃ

উপরোক্ত কাজের ৭৩,৭০২/৭৫ টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো।

প্রসূাব নং-৮ঃ

ক্যান্টনমেন্ট বাজারের ৫ নং রাস্তা কার্পেটিং করনের মূল্যানুমান অনুমোদনঃ

ক্যান্টনমেন্ট বাজার এলাকার রোড নং-৫ এর কার্পেটিং করনের জন্য ১,৫৯,০০০*০০ টাকার মূল্যানুমান (এম ই এস সিডিউল অব রেইটস্ ১১১ অনুযায়ী) অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ

উপরোক্ত কাজের ১,৫৯,০০০/- টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো।

প্রসূাব নং-৯ঃ

সিগন্যাল গেইট হইতে কুর্চিটোলাস্থ সাব-গার্ডরুম পর্যন্ত রাস্তা কার্পেটিংয়ের মূল্যানুমান অনুমোদনঃ

শহীদ সরণীস্থ সিগন্যাল গেইট হইতে বিমান বাহিনী কুর্চিটোলাস্থ সাব-গার্ডরুম পর্যন্ত রাস্তা কোটা পাথরের সাহায্যে কার্পেটিং করনের জন্য ২৩,৭৯,০০০*০০ টাকার মূল্যানুমান (এম, ই, এস, সিডিউল অব রেইটস্ ১১১০ অনুযায়ী) অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ

উপরোক্ত রাস্তার কার্পেটিং করনের কোটা পাথরের সাহায্যে ২৩,৭৯,০০০*০০ টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো।

প্রসূাব নং-১০ঃ

২য় শ্রেণীর ফাফ কোয়ার্টারের বাউন্ডারী ওয়াল নির্মাণের মূল্যানুমান অনুমোদনঃ

ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্লট নং-৪৮ এর দ্বিতীয় শ্রেণীর ফাফ কোয়ার্টার বাউন্ডারী ওয়াল নির্মাণের জন্য ১,৯৮,৪৪৩*০০ টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ

পরবর্তী আর্থিক সালের বাজেটে প্রকল্পটি অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রসূাব নং-১১ঃ

ম্যানহোলের উপর আর, সি, সি, কভার স্লাব নির্মাণের মূল্যানুমান অনুমোদনঃ

মহাখালী ডি ও এইচ এস এলাকায় (তৃতীয় ধাপের) ম্যানহোলের উপর আর, সি, সি, কভার স্লাব নির্মাণের ১,২৯,৯৮৪*০০ টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ

উক্ত স্লাব নির্মাণের ১,২৯,৯৮৪/- টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো।

প্রসূাব নং-১২ঃ

ঠিকাদারের রেইট বৃদ্ধির আবেদন বিবেচনা করণঃ

মহাখালী ডি ও এইচ এস এলাকার ২২ ও ২৩ নং লেইনের কোটা পাথর দ্বারা কাজ করনের জন্য ঠিকাদার কর্তৃক রেইট বৃদ্ধির ব্যাপারে ঠিকাদার মেসার্স বিজনেন্স এক কন্সট্রাক্ট এর আবেদন বিবেচনা করণ।

গৃহীত সিদ্ধান্তঃ

বিষয়টি পরবর্তী বোর্ড মিটিংয়ে উপস্থাপন এর সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রসূাব নং-১৩ঃ

বেংগল কালার ল্যাব ও ফুডিংকে দোকান বরাদ্দ করণঃ

ক্যান্টন সুপার মার্কেটের পশ্চিম পার্শ্ব-নব-নির্মিত দুইটি দোকান বরাদ্দের ব্যাপারে মেসার্স বেংগল কালার ফটো ইন্সটিটিউট এর ০৮-১২-৯১ ইং তারিখের বিসিপিআই/০৯/১৯৮৯ নং পত্র, টেপন সদর দপ্তর, ঢাকা ২২-১-৯২ ইং তারিখের ৬০২/১/৯ নং পত্র, সাময়িক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে ০৫-৩-৯২ ইং তারিখের ৭/এমএলএনসি/ঢাকা/১০০-এ/স-৩/৫ নং পত্র এবং অত্র দপ্তরের ০৭-৫-৯২ ইং তারিখের ঢাকাবো/ক্যাঃসুঃমাঃ/সাঃ/৯/২৩৭ নং পত্র সমূহের প্রেক্ষিতে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা।

গৃহীত সিদ্ধান্তঃ

উপরোক্ত পত্র সমূহ পর্যালোচনায় বেংগল কালার ফটো ইন্সটিটিউট, ১৭/২২, শের শাহ শুরি রোড, মোহাম্মদপুর, ঢাকা'কে ক্যান্টন সুপার মার্কেটের পশ্চিম পার্শ্ব নির্মিত সিডিউল পার্শ্ব ৪৩৭ বর্গফুট বিধি দুইটি দোকান এককালীন ২,৩২,০৮৪/- (নির্মান ব্যয়ের অর্থ) টাকা ও মাসিক ভাড়া প্রতি বর্গফুট ৩*২৫ টাকা হিসাবে ৯,৩৯৭*৫০ টাকা পরিশোধ সাপেক্ষে ৩০ (ত্রিশ) বেংগলের জন্য বরাদ্দ করনের অনুমোদন দেওয়া হলো।

- ১৪ -

প্রসূাব নং-১৪ঃ কর্মকার পট্টির ১০/২ নং দোকান বরাদ্দ করণঃ

ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের কামার পট্টির ১০/২ নং দোকান জমেক আবদুল কাদের কর্তৃক নিজ ব্যয়ে ঘাটি ভরাট ও নির্ধান করিয়া ০১-৭-৮১ ইং হইতে ভোগ দখল করায় তাঁহার দোকানের ভাড়া, বৈদ্যুতিক বিল ইত্যাদি আদায় সাপেক্ষে উক্ত তারিখ হইতে দোকান বরাদ্দের বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা।

গৃহীত সিদ্ধান্তঃ প্রসূাবটি অনুমোদন করা হলো।

প্রসূাব নং-১৫ঃ ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের পশ্চিমে পার্ক সংলগ্ন ৫০টি দোকানদারদের বিভিন্ন সমস্যাদী আলোচনাঃ

উক্ত দোকানদারদের ১৭-২-৯২ ইং তারিখের আবেদন পত্র সাময়িক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ৩০-৪-৯২ ইং তারিখের ৬/এমএলএকসি/এমইও/২৭৪-২/৩৪ নং পত্র এবং সংশ্লিষ্ট কাগজ পত্রাদি বিবেচনা করতঃ সিদ্ধান্ত গ্রহন করা।

গৃহীত সিদ্ধান্তঃ দোকানদারদের সমস্যাবলি অবহিত হওয়া গেল। সমস্যাবলি সমাধানের জন্য রাস্তা ও ড্রেন নির্ধানের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনকালে উহার মূল্যানুমান অনুমোদন পূর্বক প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য সাময়িক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে অনুরোধ করা গেল।

প্রসূাব নং-১৬ঃ ঢাকা সেনানিবাস এলাকার বিভিন্ন বাড়ীর নক্সা অনুমোদন করণঃ

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা সেনানিবাস এলাকার নিম্নোক্ত ৮(আট) টি বাড়ীর নক্সা অনুমোদন করা হলো :-

ক্রমিক নং	বাড়ীর মালিকের নাম	প্রট নম্বর	এলাকার নাম
<u>আবাসিক নক্সাঃ</u>			
১।	মিসেস মানসুরা রহমান	৪৮৪	মহাখালী ডিওএইচএলসংশোধিত
২।	গ্রন্থ ক্যাফেইন এম, নজরুল ইসলাম	৪৮৮	মহাখালী ডি ও এইচ এস।
৩।	লেঃ কর্নেল আনসার উদ্দিন আহমেদ	৩১০	-ঐ-
৪।	মেজর এ, টি, এম, হামিদুল হোসেন, পিএসসি, ও অন্যান্য।	৪২৪	বোথ প্রট)-ঐ-
৫।	মিসেস জাহানারা ওয়াহীদ	৫৬	বনানী ডি ও এইচ এস।
৬।	লেঃ কর্নেল রাজি উদ্দিন খান, পিএসসি,	৩৪৭	মহাখালী ডি ও এইচ এস।
<u>বাসিজিক নক্সাঃ</u>			
৭।	মিসেস নূর জাহান দেলোয়ার	সি ক্র প্রট নং-১৪১ ও ১৪২ এর (আংশিক) মোজা-লালাশরাই, ঢাকা ক্যান্ট।	
৮।	জনাব মোঃ রফিক	সি এস প্রট নং-১০২ (আংশিক) মোজা-লালাশরাই, ঢাকা ক্যান্ট।	

স্বাক্ষরঃ

প্রস্তুত নং-১৭ঃ


বিবিধঃ

- (ক) লেঃ কর্ণেল আনসার উদ্দিন আহমদের প্রট নং-৩১৩ এর পয়ঃ ও পানির লাইন সংযোগের জন্য রাস্তা কাটার অনুমতি প্রসঙ্গে (২১ নং লেইন) ।
- (খ) বাংলাদেশ টোব্যাকো কোঃ এর টেমপোরারী কন্ট্রোল ওয়াকওয়ে নির্ধানের অনুমতি প্রসঙ্গে এবং রাস্তা বোরিং করে ওয়াসার লাইনের থেকে পানি নেওয়া ।
- (গ) মুসলিম এডুকেশন ট্রাস্ট (ব্রডওয়ে বিল্ডিং) ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ ।
- (ঘ) বিমান বাহিনীতে ০৫-৫-১২ ইং তারিখের পত্রের আলোকে আলোচনা/সিদ্ধান্ত গ্রহণ করা ।
- (ঙ) মেজর জেনারেল (অবঃ) এম, এ, লতিফ সাহেবের স্ত্রীর কবর পাকা করণ ।
- (চ) মহাখালী ডি ও এইচ এস তৃতীয় ধাপ এলাকায় নিরাপত্তা বাতি স্থাপনের জন্য ১৪, ২৪, ০০০.০০ টাকার মূল্যানুমান বিবেচনা ও অনুমোদন করণ ।
- (ক) রাস্তা মেরামতের প্রকৃত খরচ ক্যান্টনমেন্ট বোর্ডে জমা সাপেক্ষে রাস্তা কাটা অনুমতি প্রদান করা হলো ।
- (খ) অস্থায়ী ওয়াকওয়ে নির্ধানের প্লান অনুমোদন করা হলো এবং প্রকৃত টাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা সাপেক্ষে রাস্তা কাটার অনুমতি প্রদান করা হলো ।
- (গ) পরবর্তী বোর্ড মিটিংয়ে উপস্থাপনের সিদ্ধান্ত গ্রহীত হলো ।
- (ঘ) পরবর্তী বোর্ড মিটিংয়ে উপস্থাপনের সিদ্ধান্ত গ্রহীত হলো ।
- (ঙ) গত ১১-১-১১ ইং তারিখের ৮ নং গৃহীত সিদ্ধান্তের শর্ত সাধারে কবর প্রতি দশ হাজার টাকা জমা সাপেক্ষে উপরোক্ত আবেদন অনুযায়ী কবরটি পাকা করণের অনুমোদন দেওয়া গেল ।
- (চ) উক্ত মূল্যানুমান অনুমোদন করা গেল । উল্লিখিত প্রকল্পের অর্থ বরাদ্দের জন্য জরুরী ভিত্তিতে সাময়িক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তুত প্রেরণ করা হোক ।

উপস্থিত সদস্যদিগকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শেষ করেন ।



(মোঃ আবদুল করিম)
সেক্রেটারী,
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট ।



(কর্ণেল মনিরুজ্জামান খান, পিএসসি,)
প্রেসিডেন্ট,
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট ।